8/6/2000

তারিখ ...............

পৃঃ 1 কলাম 4

প্রথম আলো

# পাঠ্যপুস্তক কেলেঙ্কারি : সংসদীয় তদন্ত কমিটি গঠনের দাবি

নিজস্ব প্রতিবেদক

এ বছর সরকারিভাবে মাধ্যমিক স্তরের (ষষ্ঠ-দশম শ্রেণী) পাঠ্যপুস্তক ছাপানো, সরবরাহ নিয়ে সৃষ্ট কেলেঙ্কারি এবং পত্রপত্রিকায় প্রকাশিত অভিযোগ তদন্তে সংসদীয় কমিটি গঠনের দাবি করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভায় এই দাবি করা হয়। তবে এই কমিটি গঠন করা হবে কিনা সে সম্পর্কে আগামী ২৩ মে সংসদীয় কমিটির পরবর্তী সভায় সিদ্ধান্ত নেওয়া হবে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, সভায় কমিটির সদস্যরা উল্লেখ করেছেন পর্যায়ক্রমে নকলপ্রবণতা কমে এলেও সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট

এরপর পৃষ্ঠা ২ কলাম ৫

## পাঠ্যপুস্তক কেলেঙ্কারি

প্রথম পৃষ্ঠার পর

সকলের সচেতনতা এবং সহযোগিতা প্রয়োজন। সভায় আগামী ১০ মে থেকে শুরু হতে যাওয়া এইচএসসি পরীক্ষা সুষ্ঠু, অবাধ ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের জন্য শিক্ষক, অভিভাবক এবং রাজনৈতিক দলসহ সংশ্লিষ্ট সকলকে যার যার অবস্থান থেকে সহযোগিতা করার আহ্বান জানানো হয়েছে।

আসন্ন এইচএসসি পরীক্ষা চলাকালে শিক্ষা মন্ত্রণালয় এবং বিভিন্ন শিক্ষা বোর্ড কর্তৃক গৃহীত ব্যবস্থা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়েছে। 'পাবলিক' পরীক্ষায় নকল ও দুর্নীতি প্রতিরোধে শিক্ষাঙ্গনকে রাজনৈতিক কর্তৃত্ব এবং দখলদারিত্বমুক্ত করাসহ সংসদীয় সাব-কমিটির দেওয়া ১১ দফা সুপারিশের ভিত্তিতে শিক্ষা মন্ত্রণালয়ের গৃহীত ব্যবস্থাদি সভায় অবহিত করা হয়।

সূত্রে জানা যায়, বিএনপিদলীয় সাংসদগণ ২০০১ সালের বোর্ডের পাঠ্যপুস্তক ছাপানো এবং সরবরাহে ব্যর্থতার কারণে শিক্ষার্থীদের অপূরণীয় ক্ষতির প্রসঙ্গ উত্থাপন করে এ ঘটনার তদন্তে সংসদীয় কমিটি গঠন করার দাবি জানান।

সভায় কারিগরি শিক্ষাক্ষেত্রে বিরাজমান বিভিন্ন সমস্যার কথা উল্লেখ করে কোনো কোনো সদস্য আরো দ্রুত ও বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণের দাবি জানান। জাতীয় সংসদ ভবনে কমিটির সভাপতি সাংসদ নুরুল ইসলাম নাহিদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক, শিক্ষা সচিব ড. সা'দত হুসাইন, সাংসদ রাজিয়া মতিন চৌধুরী, মশিউর রহমান, আলমগীর কবীর, রওশন এরশাদ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. আয়েশা খাতুন এবং মন্ত্রণালয় সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।